# ৫ম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষার প্রশ্ন ২০০৯

## স্কুল পর্যায়ের আবশ্যিক

**পদের নাম** : নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক ও সহকারী মৌলভী/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও মাদরাসার প্রদর্শক ও শরীর চর্চা শিক্ষক/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ট্রেড ইন্সট্রাক্টর ও জুনিয়র ট্রেড ইন্সট্রাক্টর।

[দ্রষ্টব্য : উত্তরপত্রে প্রতিটি বিভাগের প্রশ্নের উত্তর বিভাগভিত্তিক পৃথক থাকতে হবে। এক বিভাগের প্রশ্নের উত্তরের মধ্যে অন্য বিভাগের প্রশ্নের উত্তর দেয়া যাবে না। প্রয়োজনে জায়গা খালি রেখে অন্য বিভাগের উত্তর শুরু করতে হবে।]

## ক-বিভাগ : বাংলা (আবশ্যিক)

মান : ২৫

*[দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রদানের সময় প্রশ্নের ক্রমিক নম্বরের ধারাবাহিকতা বজায় রাখতে হবে।]*

১. **যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন :** ৫ × ৩ = ১৫

(ক) সাধু ও চলিত ভাষারীতির পাঁচটি বৈশিষ্ট্য লিখুন।

(খ) বিরাম চিহ্ন কী? ড্যাশ ও সেমিকোলন ব্যবহারের দুটি করে নিয়ম উদাহরণসহ লিখুন।

**(ঘ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লিখুন :**

গৃহান্তর, অনশন, একাদশ, বিজয়পতাকা, প্রতিপক্ষ।

**উত্তর :**

| সমস্তপদ | ব্যাসবাক্য | সমাস |
|---|---|---|
| গৃহান্তর | অন্য গৃহ | নিত্য সমাস |
| অনশন | ন অশন | নঞ্ তৎপুরুষ |
| একাদশ | এক অধিক দশ | মধ্যপদলোপী কর্মধারয় |
| বিজয়পতাকা | বিজয়সূচক পতাকা | মধ্যপদলোপী কর্মধারয় |
| প্রতিপক্ষ | বিরুদ্ধ পক্ষ | অব্যয়ীভাব |

**(গ) শুদ্ধ বানান লিখুন :**

সতস্ফুর্ত, দারিদ্রতা, মূমুর্ষ, সত্ত্বাধিকারী, গীতাঞ্জলী।

**উত্তর :** সতস্ফুর্ত—স্বতঃস্ফূর্ত; দারিদ্রতা—দরিদ্রতা/দারিদ্র্য; মূমুর্ষ—মুমূর্ষু; সত্ত্বাধিকারী—স্বত্বাধিকারী; গীতাঞ্জলী—গীতাঞ্জলি।

**(ঙ) বিশিষ্ট অর্থে বাক্যে প্রয়োগ দেখান :**

রাবণের চিতা, সোনার পাথর বাটি, উনপাঁজুরে, গোলক ধাঁধা, কংস মামা

**উত্তর : রাবণের চিতা (চির অশান্তি) :** মায়ের মৃত্যুতে ছেলেটির বুকে যেন রাবণের চিতা জ্বলছে।

**সোনার পাথর বাটি (অলীক বস্তু) :** তোমাকে আমি সাধ্যমত সাহায্য করতে পারব কিন্তু সোনার পাথর বাটি চাইলে তো আর সাহায্য করা যাবে না।

**উনপাঁজুরে (দুর্বল) :** এরকম উনপাঁজুরে লোক দিয়ে কোনো গুরুত্বপূর্ণ কাজ করানো ঠিক হবে না।

**গোলক ধাঁধা (দিশেহারা) :** নতুন জায়গায় বেড়াতে এসে একেবারে গোলক ধাঁধায় পড়ে গেলাম; কোন দিকে যাব ঠিক বুঝতে পারছি না।

**কংস মামা (নির্মম আত্মীয়) :** কংস মামার হাতে যখন পড়েছ, তোমার দুর্ভোগ ঠেকাবে কে?

২. **(ক) ভাব-সম্প্রসারণ করুন :**

দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য

*অথবা,*

**(খ) সার-সংক্ষেপে লিখুন :**

জীব শুধু বাঁচিয়া থাকিয়াই সন্তুষ্ট নহে, সে যুগযুগান্তরের ভিতর দিয়া অর্থ প্রসার করিতে চাহে। অর্থাৎ সে সন্তান-সন্তুতির ভিতর দিয়া নিজে চিরকালই থাকিতে ব্যগ্র। সে জন্যই জীবজগতে সন্তান-বাৎসল্যের এরূপ প্রবল অভিব্যক্তি। ক্ষুদ্র পিপীলিকা হইতে পাখি, চতুষ্পদ জন্তু এবং মনুষ্য, সকলের মধ্যেই এই সজ্ঞানে অনুষ্ঠিত হয়, তাহা নহে। ইতর প্রাণীগণই তাহার দৃষ্টান্ত।

৩. (ক) জাতীয় জীবনে বিজয়দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে প্রবাসী বন্ধুকে একটি পত্র লিখুন।

(খ) 'সহকারী শিক্ষক' পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র রচনা করুন।

BD Circular Zone
Visionapps10
Library of free ebooks www.tanbircox.blogspot.com

## খ-বিভাগ : ENGLISH (COMPULSORY)
Marks : 25

*N. B.—The figures in the right margin indicate full marks. Continuation [question numbers should be maintained in the answer script.]*

4. Translate the following sentences into English (any five) : 1 × 5 = 5

(a) আমি তাকে অনেকদিন থেকে চিনি।
— He has been known to me for a long time.
Or, I have known him for a long time.

(b) জন্মভূমিকে ভালোবাসা সকলেরই উচিত।
— Everybody should love his motherland.

(c) আমার যদি পাখির মতো ডানা থাকত!
— If I had the wings of a bird!

(d) তুমি কতক্ষণ ধরে আমার জন্য অপেক্ষা করছিলে?
— How long were you waiting for me?

(e) তুমি দীর্ঘজীবী হও।
— May you live long.

(f) চক চক করলেই সোনা হয় না।
— All that glitters is not gold.

(g) আমি কখনো খুলনায় যাইনি।
— I have never been to Khulna.

5. Translate the following into Bangla : 5

In this life there is no gain without pains. Life would be dull if there were no difficulties. Games lose their zest if there is no real struggle, if the result is a foregone conclusion. Both the winner and the loser enjoy a game if it is closely contested to the last. No victory is a real triumph unless the foe is worthy of your steel.

6. Identify the parts of speech underlined word in the sentences below (any five) : 1 × 5 = 5

(a) The nurse rushed to the spot.
— verb.

(b) The horse was running very fast.
— adverb.

(c) Some dreams are like reality.
— noun.

(d) He died a glorious death.
— adjective.

(e) The child has a slight cold.
— noun.

(f) Solomon was one of the wisest men.
— noun.

(g) He has many powerful friends.
— noun.

7. Change the following sentences as directed (any five) : 1 × 5 = 5

(a) I was there in autumn. (Complex)
— It was autumn when I was there.

(b) If I were a bird! (Assertive)
— I wish, I were a bird.

(c) She was caught in a traffic jam near New Market. (WH question)
— Where was she caught in a traffic jam?

(d) I did not know why it disturbed me. (Compound)
— I did not know but it disturbed me.

(e) Everybody wishes to be happy. (Interrogative)
— Who does not wish to be happy?

(f) It is a matter of sorrow that he has not been successful. (Simple)
— His failure is a matter of sorrow.

(g) The bird was killed by a cruel boy. (Active)
— A cruel boy killed the bird.

8. Write a paragraph on one of the following : 5

(a) Your favourite person; (b) How to learn effective English; (c) Leisure.

## গ-বিভাগ : গণিত (আবশ্যিক)
মান : ২৫

[দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রদানের সময় প্রশ্নের ক্রমিক নম্বরের ধারাবাহিকতা বজায় রাখতে হবে।]

৯. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ১২৯, ২৩৬ ও ৩৬৪ কে ভাগ করলে যথাক্রমে ৩, ৫ ও ৭ অবশিষ্ট থাকে? ৫

অথবা, একটি পণ্য ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হতো। পণ্যটির ক্রয়মূল্য কত?

১০. সমাধান করুন : ৫

$$\sqrt{\frac{y}{x}} + \sqrt{\frac{x}{y}} = \frac{5}{2}$$

$$x + y = 10$$

অথবা, প্রমাণ করুন যে, $\log_e 1 = 0$

VIsionapps10

১১. যদি $A \neq B$ এবং $\sin A + \cos A = \sin B + \cos B$ হয়, তবে প্রমাণ করুন যে, $A + B = \frac{\pi}{2}$. ৫

অথবা, প্রমাণ করুন যে, $\sin (A + B) = \sin A \cos B + \cos A \sin B$ (যেখানে $A + B < 90°$ এবং তারা সূক্ষ্ম কোণ)।

১২. একটি কোণকের হেলানো তলের দৈর্ঘ্য 5 একক, ভূমির ব্যাসার্ধ 3 একক হলে কোণকটির উচ্চতা কত?

অথবা, একটি সিলিন্ডার আকৃতির তেলের ড্রামের ভূমির ব্যাসার্ধ 5 একক, এর উচ্চতা 7 একক হলে ড্রামটির বক্রতলের ক্ষেত্রফল কত?

১৩. প্রমাণ করুন যে, $\log_a mn = \log_a m + \log_a n$ ৫

অথবা, প্রমাণ করুন যে, বৃত্তের কেন্দ্র থেকে সমদূরবর্তী সকল জ্যা পরস্পর সমান।

## ঘ-বিভাগ : সাধারণ জ্ঞান (আবশ্যিক)
মান : ২৫

[দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে। উত্তর প্রদানের সময় প্রশ্নের ক্রমিক নম্বরের ধারাবাহিকতা বজায় রাখতে হবে।]

১৪. (ক) বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নরের নাম কী? ১ × ৫ = ৫
উত্তর : ড. আতিউর রহমান।

(খ) বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন কে আহ্বান করেন?
উত্তর : রাষ্ট্রপতি।

(গ) কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে?
উত্তর : হামিদুর রহমান।

(ঘ) বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন পাস হয় কত সালে?
উত্তর : ১৯৯০ সালে।

(ঙ) বাংলাদেশের কোন জেলাকে 'সাগরকন্যা' বলা হয়?
উত্তর : পটুয়াখালী।

BD Circular Zone

১৫. নিচের সংক্ষেপগুলোর পূর্ণনাম লিখুন : ১ × ৫ = ৫

(ক) NTRCA—Non-Government Teachers Registration and Certification Authority.
(খ) NAEM—National Academy for Educational Management.
(গ) BARD—Bangladesh Academy for Rural Development.
(ঘ) ILO—International Labour Organization.
(ঙ) UNICEF—United Nations Children's Fund.

১৬. (ক) হ্যারি পটার কি? ১ × ৫ = ৫
উত্তর : জে কে রাউলিং রচিত শিশুতোষ প্রকাশনা।

(খ) পৃথিবীর বৃহত্তম হ্রদের নাম কি?
উত্তর : কাস্পিয়ান সাগর।

(গ) বাংলাদেশের উষ্ণতম স্থানের নাম কি?
উত্তর : লালপুর, নাটোর।

(ঘ) জাপানের পার্লামেন্টের নাম কি?
উত্তর : ডায়েট।

(ঙ) পৃথিবীর সবচেয়ে জনবহুল দেশের নাম লিখুন।
উত্তর : চীন।

১৭. নিচে উল্লিখিত দেশগুলোর রাজধানীর নাম লিখুন : ১ × ৫ = ৫
উত্তর : (ক) মিয়ানমার—নাইপিদো, (খ) নিউজিল্যান্ড—ওয়েলিংটন, (গ) জাপান—টোকিও, (ঘ) কাতার—দোহা, (ঙ) চীন—বেইজিং।

১৮. (ক) ল্যাপটপ কি? ১ × ৫ = ৫
উত্তর : এক ধরনের ছোট কম্পিউটার।

(খ) এক্সরে আবিষ্কার কে করেন?
উত্তর : ডব্লিউ কে রন্টজেন।

(গ) ইনসুলিন কি?
উত্তর : মানুষের রক্তে গ্লুকোজের মাত্রা নিয়ন্ত্রণকারী হরমোন।

(ঘ) র‍্যাক্টিফাইড স্পিরিট কি?
উত্তর : ৯৫.৬% ইথানল ও ৪.৪% পানির সমস্ফুটন মিশ্রণ।

(ঙ) মানবদেহের সবচেয়ে বড় হাড়ের নাম কি?
উত্তর : ফিমার।

১৯. (ক) বাংলাদেশের জাতীয় খেলার নাম কি? ১ × ৫ = ৫
উত্তর : কাবাডি।

(খ) দাবার সর্বোচ্চ খেতাব কি?
উত্তর : গ্র্যান্ডমাস্টার।

(গ) বাংলাদেশের জাতীয় দিবস কত তারিখে উদযাপিত হয়?
উত্তর : ২৬ মার্চ।

(ঘ) পৃথিবীর সকল দেশের জিরো পয়েন্ট কোন স্থান থেকে ধরা হয়?
উত্তর : গ্রিনিচ মান মন্দির থেকে।

(ঙ) স্থানীয় বায়ুর নাম লিখুন।
উত্তর : উপত্যকা বায়ু, পার্বত্য বায়ু ইত্যাদি।

কারেন্ট অ্যাফেয়ার্সসহ অন্যান্য
চাকরীর বই পেতে ভিজিট করুন
BD Circular Zone
www.bdcircularzone.com